

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNG-G-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতি-পদ্ধতি)

পূর্ণমান : ২০

সময় : ১ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৩-৪ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ৫ = ৫$

- ক) প্রতিবেদন যিনি লিখবেন তাকে কী বলা হয়?
- খ) 'প্রতিবেদন' এই বাংলা শব্দটি কোন্ ইংরেজি শব্দ থেকে এসেছে?
- গ) একটি ভালো প্রতিবেদনের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ঘ) দৃশ্য মাধ্যম বিজ্ঞাপনের একটি উদাহরণ দাও।
- ঙ) সরকারী বিজ্ঞাপনের ভাষার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(পরের পাতায়)

চ) 'পাণ্ডুলিপি' শব্দটি কোন্ ইংরেজি প্রতিশব্দ থেকে এসেছে?

ছ) গবেষণা ক্ষেত্রে উদ্ধৃতি কত প্রকার?

জ) পাদটীকা কাকে বলে?

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ১ = ৫$

ক) আমাদের রাজ্যে করোনা টীকাকরণ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

খ) 'গঙ্গার ভাঙন প্রতিরোধ' বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

গ) লকডাউন পরিস্থিতিতে মানুষ প্রায় গৃহবন্দি। ধীরে ধীরে পরিস্থিতি স্বাভাবিক হচ্ছে। এই অবস্থায় ট্রাভেল এজেন্সি হিসাবে সুলভে পাহাড় কিংবা সমুদ্র কিংবা যে-কোনো দর্শনীয় স্থান ঘুরতে যাওয়ার একটা বিজ্ঞাপন রচনা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

ক) 'টোকিও ২০২০' অলিম্পিক খেলায় ভারতের পদক জয় বিষয়ে সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা করো।

খ) উদাহরণ সহযোগে বিজ্ঞাপনের সামাজিক ও অর্থনৈতিক গুরুত্ব পর্যালোচনা করো।

গ) তোমার দেখা সত্যজিৎ রায়ের যে-কোনো একটি সিনেমা অবলম্বনে গবেষণাধর্মী নিবন্ধ সংক্ষেপে রচনা করো।
